সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

অধ্যক্ষের কার্যালয়

## সভার নোটিশ

তারিখ: ০৮/০৯/২০২১ খ্রি.

অত্র কলেজের একাডেমিক কাউন্সিলের সন্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৯/২০২১ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ টায় নিম্ন-বর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী একাডেমিক কাউন্সিলের এক সভা অধ্যক্ষ মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসুচি

(১) ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন সংক্রান্ত;

(২) বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান-১ (টিপি-১) কার্যক্রম অনুমোদন সংক্রান্ত;

(৩) বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান-১ (টিপি-১) কার্যক্রমে অনুপস্থিত শিক্ষার্থীদের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ;

(৪) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৫/০৯/২০২১ খ্রি. তারিখে প্রকাশিত ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি বিজ্ঞপ্তির দফা ৭ (খ) অনুযায়ী কলেজের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ সংক্রান্ত;

(৫) বিবিধ।

প্রতিস্বাক্ষর

০৮/০৯/২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন: ০১৭১৬-৭৩১০৪৭

ধন্যবাদান্তে-

০৮/০৯/২০২১

(বিধান চন্দ্র রায়)
সদস্য-সচিব, একাডেমিক কাউন্সিল
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন: ০১৭১১-২৩০০১৬

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## একাডেমিক কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ১ | তারিখ: ১২-০৬-২০২১ | সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তিকতা | সভার শুরুতে সভাপতি অদ্যকার ফেচ টু ফেচ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন একাডেমিক কাউন্সিলের সদস্য-সচিব জনাব বিধান চন্দ্র রায় । তিনি বলেন, মূলত: ২০২১-২০২২ অর্থ বছরের এ পর্যন্ত সমাপ্ত বিভিন্ন কার্যক্রম একাডেমিক কাউন্সিলে উত্থাপন, এসব ইস্যুতে সিদ্ধান্ত গ্রহণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে তাদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি জমা করার সুবিধার্থে জরুরী ভিত্তিতে কলেজের নিজস্ব একটি মোবাইল ব্যাংকিং হিসাব খোলার বাধ্যবাধকতার দরুন আজকের এই সভার আয়োজন। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | **২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন সংক্রান্ত;** | সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে চলমান ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক পরিকল্পনা সভায় উত্থাপন করেন একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য ও একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটির আহবায়ক সহযোগী অধ্যাপক জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ। তিনি কোভিড-১৯ অতিমারি পরিস্থিতির মধ্যে সদস্যবৃন্দের সাথে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে আলাপ-আলোচনা করে এটি ডেভেলপ করা হয়েছে সেজন্য এর সীমাবদ্ধতা রয়েছে বলে স্বীকার করেন।<br><br>এরপর একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যগণ প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক পরিকল্পনার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করেন। তাঁরা যথাসময়ে পরিকল্পনা প্রণয়ন করায় আহবায়কসহ কমিটির অন্য সদস্যদ্বয়কে আন্তরিক ধন্যবাদ জানান এবং প্রণীত পরিকল্পনাটি অনুমোদন করা যায় বলে সকলে অভিমত ব্যক্ত করেন। | সিদ্ধান্ত নং ১। ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত একাডেমিক ক্যালেন্ডার ও বার্ষিক পরিকল্পনা (পরিশিষ্ট-ক) সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

১৫.০৬.২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ ( আইডি নং-৪২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

১৫.০৬.২০২১

(বিধান চন্দ্র রায়)

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ১ তারিখ: ১২-০৬-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | **বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান-১ (টিপি-১) কার্যক্রম অনুমোদন সংক্রান্ত;** | ২ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য এবং ২০২১ শিক্ষাবর্ষের বিএড ও এমএড অভ্যন্তরীণ মূল্যায়ন কমিটির আহবায়ক সহকারী অধ্যাপক জনাব রেহানা পারভীন-কে অনুরোধ করেন। জনাব রেহানা পারভীন বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান কার্যক্রমের উপর একটি সংক্ষিপ্ত রিপোর্ট সভায় উপস্থাপন করেন।<br><br>পেশকৃত রিপোর্টের উপর আলোচনায় অংশ নেন জনাব মো: সাইফুর রহমান, সহযোগী অধ্যাপক, জনাব রহিমা খাতুন সহযোগী অধ্যাপক এবং জনাব বিপ্লব রহমান। সভায় আলোচকবৃন্দ বিরুপ পরিস্থিতির মধ্যে বিএড ও এমএড ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান কার্যক্রম সমাপ্ত করতে পারায় সন্তোষ প্রকাশ করেন। তাঁরা বর্ণিত কার্যক্রম ২টি অনুমোদন করা যায় বলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত নং ২। (ক) ২০২১ শিক্ষাবর্ষের বিএড ও এমএড ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন কার্যক্রম (পরিশিষ্ট-খ) সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।<br><br>(খ) ২০২১ শিক্ষাবর্ষের বিএডম ১ম সেমিস্টার অনুশীললনী পাঠদান-১ কার্যক্রম (পরিশিষ্ট-গ) সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২৫।০৭।২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

২৫।০৭।২০২১

(বিধান চন্দ্র রায়)

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## একাডেমিক কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ১ তারিখ: ১২-০৬-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৩ | **বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান-১ (টিপি-১) কার্যক্রমে অনুপস্থিত শিক্ষার্থীদের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ;** | ৩ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য এবং ২০২১ শিক্ষাবর্ষের বিএড ও এমএড অভ্যন্তরীণ মূল্যায়ন কমিটির আহবায়ক সহকারী অধ্যাপক জনাব রেহানা পারভীন-কে অনুরোধ করেন। জনাব রেহানা পারভীন বিএড-২০২১ ও এমএড-২০২১ ১ম সেমিস্টার অভ্যন্তরীণ মূল্যায়ন কার্যক্রমে অনুপস্থিত বিএড ও এমএড শিক্ষার্থীগণের নামের তালিকা এবং বিএড ১ম সেমিস্টার অনুশীলনী পাঠদান কার্যক্রমে অনুপস্থিত বিএড শিক্ষার্থীগণের নামের তালিকা সভায় উপস্থাপন করেন।<br><br>এ ব্যাপারে আলোচনায় অংশ নিয়ে একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব ও প্রভাষক জনাব বিধান চন্দ্র রায় উল্লেখিত শিক্ষার্থীগণের বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রফেশনাল কোর্সেস বিধিমালা-২০২০ অনুযায়ী ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। কলেজের সম্মানিত উপাধ্যক্ষ প্রফেসর মো: নজরুল ইসলাম এ প্রস্তাব সমর্থন করেন এবং নোটিশ জারী করে সংশ্লিষ্ট শিক্ষার্থীগণকে তা অবহিত করার প্রস্তাব করেন। অন্যান্য সদস্যগণ এ প্রস্তাবের সাথে সহমত পোষণ করেন। | <u>সিদ্ধান্ত নং ৩।</u> (ক) ২০২১ শিক্ষাবর্ষের বিএড ১ম সেমিস্টার অনলাইন ক্লাস, অভ্যন্তরীণ মূল্যায়ন ও বিএড ১ম সেমিস্টার ভার্চুয়াল টিচিং প্রাকটিস কার্যক্রমে অংশগ্রহণ না করায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রফেশনাল কোর্সেস বিধিমালা-২০২০ অনুযায়ী বিএড কোর্সের ১১ ~~(এগার)~~ জন এবং এমএড কোর্সের ০১ (এক) শিক্ষার্থীকে (পরিশিষ্ট-ঘ) ২০২১ শিক্ষাবর্ষের ০১ (এক) বছরের জন্য ড্রপ আউট ঘোষণা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বর্ণিত শিক্ষার্থীগণের স্থায়ী ঠিকানায় ইস্যুকৃত নোটিশ প্রেরণ করা এবং তা কলেজের ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ ( আইডি নং-৪২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

(বিধান চন্দ্র রায়)

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ১ তারিখ: ১২-০৬-২০২১ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৪ | **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৫/০৯/২০২১ খ্রি. তারিখে প্রকাশিত ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি বিজ্ঞপ্তির দফা ৭ (খ) অনুযায়ী কলেজের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ সংক্রান্ত;** | ৪ নং এজেন্ডা উত্থাপন করার জন্য সভাপতি মহোদয় একাডেমিক কাউন্সিলের অন্যতম সদস্য এবং ২০২১ শিক্ষাবর্ষের বিএড সম্মান ১ম সেমিস্টার ভর্তি কমিটির সদস্য সচিব ও প্রভাষক জনাব মোহাম্মদ মহিবুল্লাহ-কে অনুরোধ করেন। জনাব মোহাম্মদ মহিবুল্লাহ **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৫/০৯/২০২১ খ্রি. তারিখে প্রকাশিত ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি বিজ্ঞপ্তির দফা ৭ (খ) অনুযায়ী কলেজের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি গ্রহণে প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে দূর-দুরান্তের শিক্ষার্থীদের সার্বিক সুবিধার কথা বিবেচনা করে ডাচ-বাংলা ব্যাংকে একটি রকেট একাউন্ট খোলার প্রস্তাব করেন। সহযোগী অধ্যাপক জনাব বিপ্লব রহমান রকেট একাউন্ট এর পাশাপাশি ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, খুলনায় শাখায় "Admission Fund, Govt. Teachers' Training College, Khulna" শিরোনামে একটি চলতি হিসাব খোলার প্রস্তাব করেন।**<br><br>উপরোক্ত প্রস্তাবের প্রেক্ষিতে বিশদ আলাপ-আলোচনা অনুষ্ঠিত হয় এবং সকল সদস্য সর্বসম্মতভাবে ডান পার্শ্বে উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | সিদ্ধান্ত নং ৪। (ক) ডাচ বাংলা ব্যাংক লিমিটেড, খুলনা শাখায় **"Admission Fund, Govt. Teachers' Training College, Khulna"** শিরোনামে একটি চলতি হিসাব খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) ডাচ-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট) বিলার আইডি'র মাধ্যমে "Govt. Teachers' Training College, Khulna" শিক্ষার্থীগণের যাবতীয় ফি আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) অধ্যক্ষ যে কোন সময় উক্ত হিসাবটি বন্ধ, সাময়িক স্থগিত ও স্বাক্ষরকর্তা পরিবর্তন এবং হিসাবের শিরোনামসহ যে কোন পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) এই বিষয়ে অধ্যক্ষ মহোদয় আশু পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | সভায় আর কোন বিবিধ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

২৫.০৯.২০২১

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ ( আইডি নং-৮২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ:

২৫.০৯.২০২১

(বিধান চন্দ্র রায়)

## সংযুক্ত: একাডেমিক কাউন্সিল সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির পদ | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম, অধ্যক্ষ | সভাপতি | ০১৭১৬-৭৩১০৪৭ | sreza1965@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |
| ০২ | প্রফেসর মো: নজরুল ইসলাম, উপাধ্যক্ষ | সহ-সভাপতি | ০১৭১০-৮২০৪২৫ | nazrulttc93@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |
| ০৩ | জনাব রহিমা খাতুন, সহযোগী অধ্যাপক ও সম্পাদক, শিপ | সদস্য | ০১৯১৭-৬৬৭৬৬২ | rkttc1998@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |
| ০৪ | জনাব বিধান চন্দ্র রায়, প্রভাষক ও যুগ্ম-সম্পাদক, শিপ | সদস্য-সচিব | ০১৭১১-২৩০০১৬ | ttcbidhan@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |
| ০৫ | জনাব মো: সাইফুর রহমান, সহযোগী অধ্যাপক | সদস্য | ০১৭১২-০০১৪৬০ | saifurrahaman932@gmail.com | [signature] ২২/৯/২০২১ |
| ০৬ | জনাব বিপ্লব রহমান, সহযোগী অধ্যাপক | সদস্য | ০১৭১১-০০৬৩৮৫ | biplob2bd@gmail.com | [signature] 12/09/21 |
| ০৭ | জনাব এস. এম. মোহাম্মদ উল্লাহ, সহযোগী অধ্যাপক | সদস্য | ০১৭১৬-২৫৭৮০৫ | mohammadullahttck@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |
| ০৮ | জনাব রেহানা পারভীন, সহকারী অধ্যাপক | সদস্য | ০১৮১৬-৩৬৫৯৯৯ | rpkabyo@gmail.com | [signature] ২২/৯/২১ |
| ০৯ | জনাব মোহাম্মদ মহিবুল্লাহ, প্রভাষক | সদস্য | ০১৯১১-২২২২৬৬ | moheb525@yahoo.com mohebttck@gmail.com | [signature] ২২/০৯/২০২১ |